

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, আগস্ট ৪, ২০০২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

পৌর-৩ শাখা

প্রজ্ঞাপন

তারিখ, ৩রা আগস্ট ২০০২/১৯শে শ্রাবণ ১৪০৯

এস.আর.ও নং ২১৫-আইন/২০০২—যেহেতু সরকার ঝিনাইদহ জেলার কালীগঞ্জ মিউনিসিপ্যালিটি হইতে নিম্নলিখিত টেবিলে উল্লিখিত এলাকা কর্তন করতঃ উহার সীমানা সংকুচিত করার উদ্দেশ্যে Declaration and Alterations of Municipalities Rules, 1978, অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, এর rule 3 এর বিধান মোতাবেক উক্তরূপ কর্তনের প্রস্তাবসম্বলিত একটি পাবলিক নোটিশ জারী এবং উহার উপর পরামর্শ ও আপত্তি আহবান করিবার জন্য ঝিনাইদহ জেলার ডেপুটি কমিশনারকে নির্দেশ প্রদান করিয়াছিল; এবং

যেহেতু উক্ত নির্দেশ অনুযায়ী ডেপুটি কমিশনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া উল্লিখিত মিউনিসিপ্যালিটি হইতে নিম্নলিখিত টেবিলে উল্লিখিত এলাকা কর্তন করতঃ উহার সীমানা সংকুচিত করার পক্ষে প্রতিবেদন দাখিল করিয়াছেন; এবং

যেহেতু সরকার উক্ত প্রতিবেদন বিবেচনাতে উক্ত Rules এর rule 4(2) এর অধীনে উক্ত কালীগঞ্জ মিউনিসিপ্যালিটি হইতে নিম্নলিখিত টেবিলে উল্লিখিত এলাকা কর্তন করতঃ উহার সীমানা সংকুচিত করার জন্য সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে;

(৩৬৫৫)

মূল্য : টাকা ১.০০

সেহেতু Paurashava Ordinance, 1977 (XXVI of 1977) এর section 4(b) তে প্রদত্ত ক্ষমতাবলে এবং উক্ত Rules এর rule 5 এর বিধান মোতাবেক সরকার উহার ১লা ভাদ্র, ১৪০৬ বাংলা মোতাবেক ১৬ই আগস্ট, ১৯৯৯ ইংরেজী তারিখে জারীকৃত কালীগঞ্জ পৌরসভা ঘোষণা সংক্রান্ত প্রজ্ঞাপন (এস.আর.ও নং ২৪২-আইন/৯৯/পৌর-৩/কাগ-৬/৯৩) এর তফসিল হইতে নিম্নলিখিত টেবিলের কলাম ৪ এ উল্লিখিত এলাকা কর্তন করিয়া কালীগঞ্জ মিউনিসিপ্যালিটির সীমানা সংকুচিত করিল :—

টেবিল

মৌজার নাম	ইউনিয়নের নাম	জে, এল, নং	দাগ নং (এলাকা)
১	২	৩	৪
চাঁচড়া	শিমলা রোকনপুর	২৬	১—৯৭৪
ঈশ্বরবা	শিমলা রোকনপুর	৩৭	১—১৫৭১

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ রুহুল আমিন সরকার
উপ-সচিব (পৌর)।

মোঃ সারোয়ারুজ্জামান (যুগ্ম-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনী অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।